দৈনিক ইত্তেফাক

শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

৩।

তারিখ 26 MAY 1989
পৃষ্ঠা ৫ কলাম ১

# গাজীপুরের ছাত্র-ছাত্রীরা অনশন ভঙ্গ করেছেন

গাজীপুর, ২৫ মে (নিজস্ব সংবাদদাতা)।— গাজীপুর কাজী আজিম উদ্দিন কলেজের চাকরি চ্যুৎ অধ্যাপক এম, এন, চৌধুরীর পুনর্বহালের দাবীতে অনশনরত ছাত্র-ছাত্রীরা গতকাল (বুধবার) বিকেলে তাদের অনশন ভঙ্গ করেছেন। উদ্ভিদবিদ্যা বিভাগের উক্ত অধ্যাপককে কোন রকম পূর্ব নোটিশ ছাড়াই চাকরিচ্যুৎ করা হলে, ঐ কলেজের ১১ জন ছাত্র গত সোমবার থেকে আমরণ অনশন শুরু করে। কিন্তু গতকাল তারা অসুস্থ হয়ে পড়লে তাদেরকে হাসপাতালে ভর্তি করা হয় এবং ঐ কলেজের আরো ৫ জন ছাত্রীসহ মোট ৭ জন শিক্ষার্থী একই দাবীতে আমরণ অনশনে যোগ দেয়।

গাজীপুরের জেলা প্রশাসক গতকাল বিকেলে অনশনী ছাত্র-ছাত্রীদের সাথে আলোচনায় বসেন এবং ৭ দিনের মধ্যে জনাব এম, এন, চৌধুরীকে চাকরিতে পুনর্বহালের লিখিত আশ্বাস দিলে ১৮ জন ছাত্র-ছাত্রী তাদের অনশন ভঙ্গ করেন।